# বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন

## কৃষি ভবন

৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
অর্থ বিভাগ
www.badc.gov.bd

স্মারক নম্বর-১২.০৬.০০০০.২৩১.১৮.০০১.২৪-৪৭৬

তারিখ : ২৪ ভাদ্র ১৪৩৩
০৮ সেপ্টেম্বর ২০২৬

বিষয়ঃ **বাজেট ব্যবস্থাপনা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত।**

সূত্র: কৃষি মন্ত্রণালয়ের প্রশাসন-৪ (বাজেট) অধিশাখা এর স্মারক নং- ৩৬১, তারিখ: ২৭ আগস্ট, ২০২৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ পত্র মোতাবেক কৃষি মন্ত্রণালয় এবং এর অধীন দপ্তর/সংস্থার ২০২৫-২৬ অর্থবছরের ৪র্থ প্রান্তিকের বাজেট বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও বাজেট ব্যবস্থাপনা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত সংযুক্ত পত্রের মর্মার্থ অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

রুনা লায়লা
মহাব্যবস্থাপক (অর্থ) চ: দা:
বিএডিসি, ঢাকা।

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। মহাব্যবস্থাপক (বীজ/সার/উদ্যান/এএসসি/পাটবীজ/ক্রয়/তদন্ত), বিএডিসি, ঢাকা (আপনার আওতাধীন দপ্তর ও প্রকল্প পরিচালক দপ্তরের অবগতির জন্য অনুরোধ করা হলো)।
২। প্রধান প্রকৌশলী (ক্ষুদ্রসেচ/সওকা/নির্মাণ), বিএডিসি, ঢাকা (আপনার আওতাধীন দপ্তর ও প্রকল্প পরিচালক দপ্তরের অবগতির জন্য অনুরোধ করা হলো)।
৩। হিসাব নিয়ন্ত্রক, বিএডিসি, ঢাকা (আপনার আওতাধীন দপ্তরসমূহের অবগতির জন্য অনুরোধ করা হলো)।
৪। প্রধান (পরিকল্পনা/মনিটরিং), বিএডিসি, ঢাকা।
৫। নিয়ন্ত্রক (অডিট), বিএডিসি, ঢাকা।
৬। অতিরিক্ত মহাব্যবস্থাপক (খামার/ক:গ্রো:/বীপ্রস/বীজ বিতরণ/ আলুবীজ), বিএডিসি, ঢাকা (আপনার আওতাধীন দপ্তরসমূহের অবগতির জন্য অনুরোধ করা হলো)।
৭। যুগ্মপরিচালক (সংস্থাপন/নিওক/সওব্য/সা:প:/ডাল ও তৈলবীজ/সবজি বীজ/ বিআমক)বিএডিসি, ঢাকা (আপনার আওতাধীন দপ্তরসমূহের অবগতির জন্য অনুরোধ করা হলো)।
৮। জনসংযোগ কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
৯। উপপ্রধান প্রকৌশলী (জওঅ/মিশু), বিএডিসি, ঢাকা।
১০। প্রকল্প পরিচালক, বাংলাদেশের সেচের পানি ব্যবস্থাপনা এবং ওয়েব বেইজ কৃষি তথ্য ব্যবস্থার ওপর পাইলট গবেষণা প্রকল্প, বিএডিসি, সেচ ভবন, ঢাকা।
১১। প্রকল্প পরিচালক, পানি সাশ্রয়ী সেচ প্রযুক্তি এবং পলিশেড নির্মাণের মাধ্যমে নিরাপদ সবজি, ফল ও ফুল উৎপাদন' প্রকল্প, বিএডিসি, চাঁচড়া, যশোর।
১২। প্রকল্প পরিচালক, চট্রগ্রাম ও কক্সবাজার জেলার ভূ-উপরিস্থ পানির মাধ্যমে সেচ উন্নয়ন প্রকল্প, বিএডিসি, চট্রগ্রাম।
১৩। প্রকল্প পরিচালক, বরিশাল, ভোলা, ঝালকাঠী ও পিরোজপুর জেলা সেচ উন্নয়ন প্রকল্প, বিএডিসি, বরিশাল।
১৪। প্রকল্প পরিচালক, সিলেট বিভাগে ভূ-উপরিস্থ পানি ব্যবস্থাপনা ও ব্যবহারের মাধ্যমে কৃষি উৎপাদন বৃদ্ধি প্রকল্প, বিএডিসি, সিলেট।
১৫। প্রকল্প পরিচালক, কিশোরগঞ্জ ও নেত্রকোনা জেলার হাওর এলাকার ক্ষুদ্রসেচ ব্যবস্থাপনার উন্নয়ন প্রকল্প, কিশোরগঞ্জ।
১৬। প্রকল্প পরিচালক, প্রোগ্রাম অন এগ্রিকালচারাল এন্ড রুরাল ট্রান্সফরমেশন ফর নিউট্রিশন এন্টারপ্রেনরশিপ এন্ড রেসিলিয়েন্স ইন বাংলাদেশ (পার্টনার) প্রকল্প, বিএডিসি, সেচ ভবন, ঢাকা।
১৭। প্রকল্প পরিচালক, আশুগঞ্জ –পলাশ সবুজ প্রকল্প, বিএডিসি, ঢাকা।
১৮। প্রকল্প পরিচালক, Bangladesh Sustainable Recovery Emergency Preparedness and Response (B-STRONG)-Agricultural System Restoration (বিএডিসি অংশ)' বিএডিসি, সেচ ভবন, ঢাকা।
১৯। প্রকল্প পরিচালক, জীব প্রযুক্তির মাধ্যমে কৃষি বীজ উন্নয়ন ও বর্ধিতকরণ প্রকল্প, বিএডিসি, ঢাকা।

২০। প্রকল্প পরিচালক, বাংলাদেশের দক্ষিণ-পূর্বাঞ্চলে বীজ বর্ধন খামার স্থাপন প্রকল্প, বিএডিসি, ঢাকা।

২১। প্রকল্প পরিচালক, কৃষক পর্যায়ে বিএডিসি'র বীজ সরবরাহ কার্যক্রম জোরদারকরণ প্রকল্প, বিএডিসি, ঢাকা।

২২। প্রকল্প পরিচালক, মানসম্পন্ন বীজ আলু উৎপাদন ও সংরক্ষণ এবং কৃষক পর্যায়ে বিতরণ জোরদারকরণ প্রকল্প, বিএডিসি, ঢাকা।

২৩। প্রকল্প পরিচালক, ডাল ও তৈলবীজ উৎপাদনের মাধ্যমে টেকসই পুষ্টি নিরাপত্তা জোরদারকরণ প্রকল্প, বিএডিসি, ঢাকা।

২৪। প্রকল্প পরিচালক, বিএডিসি'র বিদ্যমান বীজ উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ ও বিতরণ ব্যবস্থাদির আধুনিকীকরণ এবং উন্নয়ন প্রকল্প, বিএডিসি, ঢাকা।

২৫। প্রকল্প পরিচালক, ধান, গম ও ভুট্টার উন্নতর বীজ উৎপাদন এবং উন্নয়ন প্রকল্প, বিএডিসি, ঢাকা।

২৬। কম্পিউটার প্রোগ্রামার, আইসিটি সেল, বিএডিসি, ঢাকা: **ওয়েবসাইটে প্রকাশের জন্য।**

২৭। উপপরিচালক (আইন/সমন্বয়), বিএডিসি,ঢাকা।

২৮। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএডিসি, ঢাকা।

২৯। সদস্য পরিচালক (অর্থ/ ক্ষুদ্রসেচ/ সার/ বীজ ও উদ্যান) মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।

৩০। সচিব মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।

৩১। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
প্রশাসন-৪ (বাজেট) অধিশাখা

বাজেট বাস্তবায়ন অগ্রগতি (৪র্থ প্রান্তিক) সংক্রান্ত বাজেট ব্যবস্থাপনা কমিটির সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ সেলিম খান<br>সচিব<br>কৃষি মন্ত্রণালয় |
| তারিখ ও সময় | : | ১৭ আগষ্ট ২০২৬, সকাল ১১.০০ ঘটিকা |
| স্থান | : | কৃষি মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (ভবন নং-৪, কক্ষ নং-৫১৭) |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন দেশের সীমিত সম্পদের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করাই সরকারের আর্থিক ব্যবস্থাপনার মূল লক্ষ্য। আর সেই লক্ষ্য অর্জনের জন্য কৃষি মন্ত্রণালয় ও এর অধীন দপ্তর/সংস্থাসমূহকে বরাদ্দকৃত বাজেটের যথাযথ ব্যবহার নিশ্চিত করা প্রয়োজন। এ পর্যায়ে অতিরিক্ত সচিব (প্রশাসন) সভায় কৃষি মন্ত্রণালয়ের বাজেটের সংক্ষিপ্ত রূপরেখা উপস্থাপন করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে উপসচিব, প্রশাসন-৪ (বাজেট) অধিশাখা দপ্তর/সংস্থাওয়ারী সভার আলোচ্যসূচি উপস্থাপন করেন।

## ২.০ : বিগত সভার কার্যবিবরণী অনুমোদন ও নিশ্চিতকরণ

গত ০৫ মে ২০২৬ তারিখে অনুষ্ঠিত বাজেট ব্যবস্থাপনা কমিটির সভার কার্যবিবরণী বিষয়ে কোন সংশোধণী প্রস্তাব না পাওয়া গেলে তা দৃঢ়করণ করা যেতে পারে। সভায় এ পর্যায়ে কোন সংশোধণী প্রস্তাব না পাওয়ায় তা অনুমোদন করা হয়।

## ৩.০ : কৃষি মন্ত্রণালয় ও অধীনস্থ দপ্তর/সংস্থার ২০২৫-২৬ অর্থবছরের বাজেট ব্যয়ের সারসংক্ষেপ :

কৃষি মন্ত্রণালয়ের ২০২৫-২৬ অর্থবছরের সংশোধিত বাজেট বরাদ্দ ২৪৯১২.০৩ কোটি টাকা। ৪র্থ প্রান্তিক (জুলাই ২০২৫-জুন ২০২৬) পর্যন্ত পরিচালন ব্যয় ২০৫৩৪.০০ কোটি টাকা যা বরাদ্দের ৯৯% এবং উন্নয়ন ব্যয় ৩৬০৩.৪৬ কোটি টাকা, যা বরাদ্দের ৮৭% । মোট বাজেটের ব্যয় হয়েছে ২৪১৩৭.৪৪ কোটি টাকা, যা মোট বরাদ্দের ৯৭%।

**(কোটি টাকায়)**

| খাতের নাম | ২০২৩-২৪ অর্থবছর | | ২০২৪-২৫ অর্থবছর | | ২০২৫-২৬ অর্থবছর | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | সংশোধিত বাজেট | প্রকৃত ব্যয় | সংশোধিত বাজেট | প্রকৃত ব্যয় | মোট বাজেট | সংশোধিত বাজেট | বাজেট পরিকল্পনা | **জুন ২০২৬ পর্যন্ত মোট ব্যয়** |
| পরিচালন ব্যয় | ২৮৬৮৫.৮৭ | ২৭৭৯৬.৩৩ (৯৭%) | ২০৮২০.৫৩ | ২০৫২৮.২৪ (৯৯%) | ২০৮৯১.১১ | ২০৭৮০.৯৪ | ১ম প্রা: ৭১৬৫.৯২ | ৭৩৩৪.৫০ (১০২%) |
| | | | | | | | ২য় প্রা: ৫৬১৫.৪৯ | ৫৩৬৯.৪৮ (৯৬%) |
| | | | | | | | ৩য় প্রা: ৫৯৯৭.২০ | ৫৯৪০.০৪ (৯৯%) |
| | | | | | | | ৪র্থ প্রা: ২০০২.৩৩ | ১৮৮৯.৯৭ (৯৫%) |
| | | | | | | | **মোট** | **২০৫৩৪.০০ (৯৯%)** |
| উন্নয়ন ব্যয় | ৪৫৯৪.৩৭ | ৪৩০২.৮১ (৯৪%) | ৩৮৭৫.৪৫ | ৩৫৩৬.৩৫ (৯১%) | ৬৩৩২.৮৯ | ৪১৩১.০৯ | ১ম প্রা: ১২২৯.০৬ | ৪০৮.১৫ (৩৩%) |
| | | | | | | | ২য় প্রা: ৮৫৮.৪৯ | ৭৫৯.৮১ (৮৯%) |
| | | | | | | | ৩য় প্রা: ৮৩৯.২১ | ১০৯৫.০৪ (১৩০%) |
| | | | | | | | ৪র্থ প্রা: ১২০৪.৩৩ | ১৩৪০.৪৪ (১১১%) |
| | | | | | | | **মোট** | **৩৬০৩.৪৬ (৮৭%)** |
| সর্বমোট | ৩৩২৮০.২৪ | ৩২০৯৯.১৪ (৯৭%) | ২৪৬৯৫.৯৮ | ২৪০৬৪.৫৯ (৯৮%) | ২৭২২৪.০০ | ২৪৯১২.০৩ | ১ম প্রা: ৮৩৯৪.৯৮ | ৭৭৪২.৭১ (৯২%) |
| | | | | | | | ২য় প্রা: ৬৪৭৩.৯৮ | ৬১২৯.৩৫ (৯৫%) |
| | | | | | | | ৩য় প্রা: ৬৮৩৬.৪১ | ৭০৮৮.৪৯ (১০৩%) |
| | | | | | | | ৪র্থ প্রা: ৩২০৬.৬৬ | ৩২৩০.৪১ (১০১%) |
| | | | | | | | **মোট** | **২৪১৩৭.৪৪ (৯৭%)** |

৭.১৯ উপসচিব প্রশাসন-৪ সভাকে অবহিত করেন যে, গত ২০২৫-২৬ অর্থবছরে কৃষি পুনর্বাসন সহায়তা খাতের বরাদ্দকৃত অর্থ হতে ৮.৩৪১০ কোটি টাকা দেশের ১১ উপজেলার ১১টি ব্লকে কৃষক কার্ডের মাধ্যমে সহায়তা প্রদান করা হয়েছে। চলতি ২০২৬-২৭ অর্থবছরে কৃষক কার্ডের মাধ্যমে সহায়তা প্রদানের জন্য কৃষি মন্ত্রণালয়ের উন্নয়ন বাজেটের অধীন ''২২১০০১২০৩-বিশেষ প্রয়োজনে সামাজিক উন্নয়ন সহায়তা'' খাতে ১৪০০.০০ কোটি (এক হাজার চারশত কোটি) টাকা বরাদ্দ রয়েছে। উক্ত বরাদ্দকৃত অর্থ হতে ১ম কিস্তিতে কল্যাণ অনুদান (উপকারভোগীদের ভাতা বাবদ) খাতে ৩২৫.২৬ কোটি টাকা এবং জরিপ (তথ্য সংগ্রহ) খাতে ৮.৪৬৮৭৫ কোটি টাকাসহ মোট ৩৩৩.৭২৮৭৫ কোটি টাকা মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এর অনুকূলে ছাড় করা হয়েছে। সরকারের উল্লেখযোগ্য অগ্রাধিকার কার্যক্রম বৃক্ষরোপন ও খাল খননের অগ্রগতি বিএমসি সভায় অর্ন্তভুক্ত করার বিষয়ে সভায় আলোচনা হয় । এ পর্যায়ে সভাপতি পরবর্তী বিএমসি সভায় সরকারের উল্লেখযোগ্য অগ্রাধিকার কার্যক্রমের অগ্রগতি আলোচ্যসূচিতে অর্ন্তভুক্তির নির্দেশনা দেন।

৭.২০ সভায় দপ্তরের রাজস্ব আয় নিয়ে বিস্তারিত আলোচনা হয়। সভাপতি দপ্তরের রাজস্ব আয়ের পাশাপাশি সংস্থার নিজস্ব আয়ের তথ্যও পরবর্তী সভার কার্যপত্রে অর্ন্তভুক্তির সিদ্ধান্ত দেন।

৭.২১ অর্থ বিভাগের প্রতিনিধি সভায় জানান যে, কৃষি মন্ত্রণালয়ের অধীন দপ্তর/সংস্থার অর্গানোগ্রাম হালানাগাদ (জনবল ও যানবাহনের তথ্য) নাই। তিনি আরও জানান যে, অনিয়মিত শ্রমিক নিয়োগের নীতিমালা প্রণয়নের কাজ দ্রুত শেষ করতে হবে এবং আউটসোসিং ও নিরাপত্তা সেবা (ভাড়ার ভিত্তিতে) এর অনুমোদন হালনাগাদ করতে হবে। এ বিষয়ে সভাপতি দপ্তর/সংস্থাকে অর্গানোগ্রাম, অনিয়মিত শ্রমিক নিয়োগের নীতিমালা এবং আউটসোসিং অনুমোদন হালনাগাদ রাখার নির্দেশনা দেন।

৭.২২ উপসচিব, প্রশাসন-৪ সভাকে জানান যে, দপ্তর/সংস্থা হতে মোট ৪০টি কর্মসূচির (স্কিম) প্রস্তাব পাওয়া গিয়েছে। তিনি আরও জানান যে, অর্থ বিভাগ হতে স্কিমসমূহের সংরক্ষিত থোক বরাদ্দে বিগত দুই বছর যাবত কোন বরাদ্দ প্রদান করেন নাই । স্কিমসমূহের সংরক্ষিত থোক বরাদ্দের বিষয়ে সভাপতি অর্থ বিভাগে পত্র প্রেরণের নির্দেশনা দেন।

**৮.০ সিদ্ধান্ত :**

সভায় বিস্তারিত আলোচনাক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

৮.১ পরবর্তী বিএমসি সভায় সংস্থার খাতওয়ারী নিজস্ব আয়ের অগ্রগতির তথ্য এবং সরকারের উল্লেখযোগ্য অগ্রাধিকার কার্যক্রমের অগ্রগতি অর্ন্তভুক্ত করতে হবে;

৮.২ কৃষি মন্ত্রণালয় ও এর অধীন দপ্তর/সংস্থার অর্গানোগ্রাম, অনিয়মিত শ্রমিক নিয়োগের নীতিমালা এবং আউটসোর্সিং ও নিরাপত্তা সেবা (ভাড়ার ভিত্তিতে) এর অনুমোদন হালনাগাদ করতে হবে;

৮.৩ স্কিমসমূহের সংরক্ষিত থোক বরাদ্দের বিষয়ে অর্থ বিভাগে পত্র প্রেরণ করতে হবে;

৮.৪ ২০২৫-২৬ অর্থবছরের ৪র্থ প্রান্তিকের রাজস্ব আয়ের অগ্রগতি এবং পরিচালন বাজেটের বাস্তবায়ন অগ্রগতি অনুমোদন করা হয়;

৮.৫ ২০২৫-২৬ অর্থবছরে কৃষি মন্ত্রণালয়ের অধীন দপ্তর/সংস্থার উন্নয়ন ও অনুন্নয়ন বাজেট এবং কর্মসূচির ৪র্থ প্রান্তিক পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি

অনুমোদন করা হয়;

৮.৬ ২০২৫-২৬ অর্থবছরের দপ্তর/সংস্থার প্রধান প্রধান কার্যক্রমসমূহের ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা ও বাজেটে ঘোষিত কার্যক্রমের ৪র্থ প্রান্তিক পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি অনুমোদন করা হয়;

৮.৭ সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার ২০২৬-২৭ অর্থবছরের কৌশলগত উদ্দেশ্য, প্রধান কার্যক্রমসমূহ ও KPI বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন এবং বরাদ্দকৃত অর্থের খাতভিত্তিক ব্যয়ের তথ্য ১ম প্রান্তিক (জুলাই-সেপ্টেম্বর ২০২৬) শেষে আগামী ০৭ অক্টোবর ২০২৬ এর মধ্যে এবং পরবর্তী ত্রৈমাসিক অগ্রগতির প্রতিবেদন প্রান্তিক শেষে পরবর্তী মাসের ০৭ তারিখের মধ্যে প্রশাসন-৪ (বাজেট) অধিশাখায় প্রেরণ নিশ্চিত করতে হবে।

৯.০। পরিশেষে, আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

28.08.2026

মোঃ সেলিম খান
সচিব
ও
সভাপতি
বাজেট ব্যবস্থাপনা কমিটি, কৃষি মন্ত্রণালয়